দৈনিক সংবাদে

তারিখ ২০।৯।৮৮
পৃষ্ঠা ৮ কলাম ৬

029

## ৯০সালের মধ্যে গণশিক্ষার হার ৬০ শতাংশে পৌছবে

—শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার আনিসুল ইসলাম মাহমুদ বলেন, সরকার গণশিক্ষা প্রসারের ঈপ্সিত লক্ষ্য অর্জনের জন্যে বর্তমান আর্থিক বছরে ৮ কোটি ৭ লাখ টাকা প্রস্তাবিত ব্যয়সহ তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ২৬ কোটি ২৪ লাখ টাকা বরাদ্দ করেছেন।

তিনি গতকাল শ্রমজীবী সমাজকল্যাণ সংসদ আয়োজিত গণশিক্ষা প্রসার সম্পর্কিত এক প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে একথা বলেন।

উল্লেখ্য, গণশিক্ষা কর্মসূচীর মাধ্যমে ১৯৯০ সালের মধ্যে দেশের ১১ থেকে ৪৫ বছর বয়সী লোকের গণশিক্ষার হার বর্তমানের শতকরা ৩০ থেকে ৬০ ভাগে উন্নীত করা হবে। খবর তথ্য বিবরণীর।